



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উচ্চশিক্ষাবোর্ড বরিশাল

[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)

স্মারক নং : - বশিবো/কলেজ- অনু :/২০২২/ ১২২০

তারিখ : ০৯.০৫.২০২২

বিষয় : ২০২১-২০২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অন-লাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে -

সূত্র : আস্ত: শিক্ষাবোর্ড চেয়ারম্যান'স কমিটির ০৮.০৫.২০২২ তারিখের সভার সিদ্ধান্ত -

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অন-লাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ১০.০৫.২০২২ পযন্ত সম্পন্ন করার তারিখ নির্ধারিত ছিল। কিন্তু গত ০৮.০৫.২০২২ তারিখে আস্ত: শিক্ষাবোর্ডের সভার মাধ্যমে এই তারিখ ১৭.০৫.২০২২ তারিখ বিকেল ৫:০০ টা পযন্ত বৃদ্ধি করা হয়েছে। এ প্রেক্ষিতে বরিশাল শিক্ষাবোর্ডের সকল কলেজ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান কে আগামী ১৭.০৫.২০২২ তারিখের মধ্যে উল্লিখিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য বলা হলো।

০১. ভর্তি ওয়েবপেইজের ঠিকানায় ঢুকতে হবে - [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)

০২. এখানে আসার পর [xiclass admission system](http://xiclassadmission.gov.bd) এ ক্লিক করতে হবে -

০৩. এই পাতায় দেখা যাবে - College Login অপশন।

০৪. College Login এ ক্লিক করলে সেখানে কলেজের EIIIN এবং Password প্রদান করতে হবে।

০৫. কলেজের EIIIN এবং Password প্রদান করলে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করার যাবতীয় তথ্যাদি উপস্থাপিত হবে।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ অন-লাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য শিক্ষাবোর্ড কর্তৃপক্ষকে দায়ী করা যাবে না।

প্রফেসর মোহাম্মদ ইউনুস # ৬৯৪৭

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বরিশাল শিক্ষাবোর্ডের সকল কলেজ পর্যায়ের প্রতিষ্ঠান।